

# আনিসুল হকের মৃত্যুতে খালেদার শোক

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৫:৪৮ পিএম, ৩০ নভেম্বর ২০১৭



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মৃত্যুকে গভীর শোক প্রকাশ করেছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ও দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম।

বিএনপি চেয়ারপারসনের মিডিয়া উইং কর্মকর্তা শায়রুল কবীর খান বৃহস্পতিবার রাতে এ তথ্য জানিয়েছেন।

শায়রুল জানান, বিএনপি চেয়ারপারসন ও মহাসচিব মেয়রের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন।